গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল

রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৭ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ মোফাজ্জেল হোসেন সচিব
সভার তারিখ	০২.১১.২০১৭ খ্রিস্টাব্দ।
সভার সময়	সকাল ১০.০০ টা।
স্থান	রেলভবনস্থ ২য় তলার সম্মেলন কক্ষে (কক্ষ নং-২১১)
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ মফিজ উদ্দিন-কে আহবান জানান। প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহ্বান করা হয়েছে। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা

০১	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" তৈরি করার বিষয়ে আলোচনা হয়। "মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসেবে রেলওয়ের Hot line ১৩১ এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জনগণকে জানানো যায় কিনা বিষয়টি পরীক্ষা করে দেখার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৯/০২/২০১৬, ৩১/০৫/২০১৬, ২৮/০৬/২০১৬, ৩১/০৭/২০১৬,৩১/০৮/২০১৬, ২৭/০৯/২০১৬, ০১/১২/২০১৬, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৯ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে পরিচালক (সংস্থাপণ), বাংলাদেশ রেলওয়ে জানান যে, টেলিফোন শিল্প সংস্থা (TSS) কর্তৃক একটি Technical specification পাওয়া গেছে।	"মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসেবে রেলওয়ের Hot line ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া, ট্রেন ছাড়া ও গন্তব্যে পৌঁছার সময়সূচী ইত্যাদি জনসাধারণের জন্য সহজলভ্য করা যায় কিনা এ বিষয়ে Technical বিষয়গুলো পর্যালোচনা করে আগামী সভায় বাংলাদেশ রেলওয়ে তাঁদের মতামতসহ একটি প্রতিবেদন উপস্থাপন করবেন।	১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০২	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধিপূর্বক আরো নতুন করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে ওয়াই-ফাই চালু করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৪ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়েঅতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান যে, ইতোমধ্যে QUBEE-কে প্রস্তাব দেওয়া হয়েছে এবং QUBEE ডিসেম্বর ২০১৭ এর মধ্যে কার্যসম্পাদন করবে তা বাংলাদেশ রেলওয়ে-কে অবহিত করেছে।	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধি পূর্বক আরোও নতুন করে ১২ টি (লাকসাম, আখাউড়া, ঈশ্বরদী, লালমনিরহাট, নরসিংদি, বনানী, ঢাকা ক্যান্টনমেন্ট, চাঁদপুর, ভৈরববাজার, জামালপুর,পার্বতীপুর, সৈয়দপুর,) স্টেশনে ওয়াই-ফাই চালু করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। আগামী ডিসেম্বর ২০১৭ এর মধ্যে কিভাবে কখন কার্যটি সম্পন্ন করবেন তার একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনাসহ QUBEE এর প্রতিনিধির উপস্থিতি আগামী সভায় নিশ্চিত করতে হবে।	১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৩	বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের ওয়াই-ফাই চালুর করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৪ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়েজানান যে, Robi Axiata Ltd. তাদের কর্মপরিকল্পনা ইতোমধ্যে বাংলাদেশ রেলওয়ের নিকট উপস্থাপন করেছে এবং ২৫ মার্চ ২০১৮ এর মধ্যে কার্যসম্পাদন করার বিষয়টি অবহিত করেছে।	বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত ০৬ টি আন্তঃনগর ট্রেনের ওয়াই-ফাই চালুর প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। i) সোনার বাংলা এক্সপ্রেস ii) সুবর্ণ এক্সপ্রেস iii) পারাবত এক্সপ্রেস iv) সুন্দরবন এক্সপ্রেস v) একতা এক্সপ্রেস vi) ধুমকেতু এক্সপ্রেস। আগামী এপ্রিল ২০১৮ এর মধ্যে কিভাবে কখন কার্যটি সম্পন্ন করবেন তার একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনাসহ Robi Axiata Ltd. এর প্রতিনিধির উপস্থিতি আগামী সভায় নিশ্চিত করতে হবে।	১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৪	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৭/১০/২০১৫, ২৬/১১/২০১৫, ২৯/১২/২০১৫, ০১/১২/২০১৬, ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৮ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়েঅতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান যে, বিভিন্ন সংস্থার সাথে আলোচনা চলমান রয়েছে এবং একজন consultant নিয়োগএর বিষয়ে আলোচনা করা হয়।	পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) ক্রয়ের বিষয়টি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে ৩০ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে চুড়ান্ত প্রতিবেদন দিতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৫	বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে মালামাল বহনের জন্য উন্নতমানের ট্রলির সরবরাহ ও ট্রলির সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৩ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল।	বাংলাদেশ রেলওয়ের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট স্টেশনসমূহে মালামাল বহনের জন্য বিদ্যমান ট্রলির আধুনিকায়ন, উন্নতমানের ট্রলি প্রতিস্থাপন ও সংখ্যা বাড়ানোর নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে ইতোপূর্বে গঠিত ৩ সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটিকে আগামী সভায় প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। i) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে-আহব্বায়ক ii) অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব),বাংলাদেশ রেলওয়ে-সদস্য iii) অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম),বাংলাদেশ রেলওয়ে-সদস্য	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৪। অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে ৫। অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে

০৬	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৩ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল।	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে স্থাপনের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারের নমুনা সংগ্রহ করে সেগুলোর সাথে সামঞ্জস্য রেখে রেলপথ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার প্রস্তুত করার জন্য ইতোপূর্বে গঠিত ০৪ সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটিকে আগামী সভায় প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। i) যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়-আহ্বায়ক ii) উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়-সদস্য iii) সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়-সদস্য iv) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়-সদস্য	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় ৩। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় ৪। সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় ৫। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়

০৭	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ অনুযায়ী আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মান উন্নয়নের ক্ষেত্রে অত্র মন্ত্রণালয় কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) সমূহের ডাটাবেস প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০২ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল।	উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) এর আওতায় অত্র মন্ত্রণালয়ের নিম্নোক্ত ০৪ টি উদ্যোগের ডাটাবেজ তৈরীর গৃহীত সিদ্ধান্তের আলোকে ডাটাবেজ করণের প্রক্রিয়া মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনা করে একটি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। ক) বাংলাদেশ রেলওয়ের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট স্টেশনসমূহে মালামাল বহনের জন্য বিদ্যমান ট্রলির আধুনিকায়ন, উন্নতমানের ট্রলি প্রতিস্থাপন ও সংখ্যা বাড়ানো। খ) বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত ০৬ টি আন্তঃনগর ট্রেনের ওয়াই-ফাই চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণঃ i) সোনার বাংলা এক্সপ্রেস ii) সুবর্ণ এক্সপ্রেস iii) পারাবত এক্সপ্রেস iv) সুন্দরবন এক্সপ্রেস v) একতা এক্সপ্রেস vi) ধুমকেতু এক্সপ্রেস। গ) বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা-বিমানবন্দর, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধি পূর্বক আরোও নতুন করে ১০ টি (লাকসাম, আখাউড়া, কুলাউড়া, চাঁদপুর, ভৈরববাজার, জামালপুর, শ্রীমঙ্গল, পার্বতীপুর, সৈয়দপুর, রংপুর) স্টেশনে ওয়াই-ফাই চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। ঘ) রেলওয়ের Hot line ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া ট্রেন ছাড়াও গন্তব্যে পৌছার সময়সূচী ইত্যাদি জনসাধারণের জন্য সহজলভ্য করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	১। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

০৮	ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া পর্যালোচনা প্রোগ্রামার জানান যে, ইনোভেশন বক্সে ২টি পত্র পাওয়া যায় একটি পত্রের বিষয় হলো টিকিট ক্রয় করার সত্তেও ট্রেনে উঠতে না পারা এবং অন্যটি হলো হিজরাদের ট্রেনে উৎপাত বন্ধ করা। প্রাপ্ত পত্র ২টির তথ্য ইনোভেশনের সাথে তেমন সংশ্লিষ্টতা নাই। ইতোপূর্বে ০১/০৬/২০১৭, ০৫/০৭/২০১৭, ০৮/১০/২০১৭ তারিখ মোট ০৩ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল।	প্রাপ্ত পত্র দুইটির বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে আগামী সভায় মতামত দিবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত দুইটি পত্রের বিষয়ে প্রোগ্রামার সভাতে জানান যে, i) রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবাসহ অন্যান্য সেবা সহজীকরণের জন্য সেবার নাম নির্বাচন ও কার্যক্রমের প্রতিবেদন এবং ii) রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে কাজ দুইটি সম্পন্ন করার জন্য নিম্নরূপভাবে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

i) উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়-আহব্বায়ক

ii) পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে-সদস্য

iii) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়-সদস্য সচিব

কার্যপরিধিঃ কমিটি আগামী সভায় রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবাসহ অন্যান্য সেবা সহজীকরণের জন্য নির্বাচিত সেবার নাম ও কার্যক্রমের প্রতিবেদন এবং রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করে দাখিল করবেন।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.১৭.১৬ তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৪

২০ নভেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)

২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৪) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) যুগ্মসচিব, আইন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৮) উপসচিব, প্রশাসন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৯) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

মোঃ মফিজ উদ্দিন
প্রোগ্রামার